গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
মার্কেটিং ও কর্পোরেট প্ল্যানিং বিভাগ
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
**(www.railway.gov.bd)**

নং-৫৪.০১.০০০০.৬৮৭.০০৫.০৫.২২-৫৬ তারিখ : ২৫ মে, ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের নিম্নেবর্ণিত রাজস্বখাতভুক্ত স্থায়ী শূন্যপদ পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রঃনং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | গেইটম্যান (ট্রাফিক) (গ্রেড-২০) টাকা ৮,২৫০-২০,০১০ | ৬৮৪ টি | ১৮ থেকে ৩০ বছর | কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হতে অন্যূন এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পাবনা ও লালমনিরহাট জেলা ব্যতীত সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন; তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং রেলওয়ে পোষ্য কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(ক) প্রার্থীর বয়স ০১-০৬-২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের মধ্যে থাকতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী সর্বোচ্চ ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। উল্লেখ্য যে, বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

(গ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান ও কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণযোগ্য হবে।

(ঘ) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মুল কপিসহ একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি এবং আবেদনকারী কোন বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়াম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের মূল কপিসহ সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার সনদ পত্রের মূল কপি জমা দিতে হবে। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের মূল কপি জমা দিতে হবে।

(ঙ) প্রার্থী কোন রেলওয়ে কর্মচারীর পোষ্য (পোষ্য অর্থ বাংলাদেশ রেলওয়ের স্থায়ী পদে অন্যূন ২০ (বিশ) বৎসর চাকরি সম্পন্ন হয়েছে এরূপ কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) কর্মচারীর সন্তান ও বিধবা স্ত্রী বুঝাবে) হলে আবেদনকারীর সাথে কর্মরত বা অবসরপ্রাপ্ত (জীবিত বা মৃত) সম্পর্ক উল্লেখ পূর্বক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ও বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়ণ পত্র এবং পোষ্য সংক্রান্ত প্রমানক দাখিল করতে হবে।

(চ) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(ছ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(জ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://br.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৬ জুন, ২০২২ সকাল ১০.০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৮ জুলাই, ২০২২ বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit -এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্রে (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে সঠিকভাবে দাখিলকৃত আবেদনপত্রের ক্ষেত্রে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant কপি পাবেন। উক্ত Applicant কপি প্রার্থী download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে সংরক্ষণ করবেন। Applicant কপিতে একটি **User ID** নম্বর দেয়া থাকবে এবং উক্ত User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

নিম্নেবর্ণিত পদ্ধতিতে এসএমএস (**SMS**) করতে হবে:

**প্রথম SMS**: BR<Space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example:BR ABCDEF & Send to 16222. (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)

Reply: Applicant's Name, TK 56 Will be charged as application fee. Your PIN is 123456.

**দ্বিতীয় SMS:** To pay fee, BR<Space>Yes <Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example:BR Yes 123456 & Send to 16222. (123456 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ..........

Application for Post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://br.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শণ করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Password, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BR<Space>Help<Space> User<Space> User ID & Send to 16222

Example: BR Help User ABCDEF & Send to 16222 (ABCDEF এর স্থলে User ID নম্বর বসাতে হবে)।

ii. PIN Number জানা থাকলে BR<Space> Help<Space>PIN <Space> PIN No & Send to 16222

Example: BR Help PIN 12345678 & Send to 16222 (12345678 এর স্থলে PIN নম্বর বসাতে হবে)।

(ঝ) Online আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail এর Subject এ Organization Name: BR, Post Name:xxxxxxxxx, Applicant's User Id, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ঞ) Online আবেদন এবং টাকা জমার কাজটি নিজেই করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শেষ তারিখ ও সময়ের (১৮ জুলাই ২০২২ বিকাল ০৫.০০ টা) জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদনটি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৩.০৬.২০২২

(এ কে এম আব্দুল্লাহ আল বাকী)
অতিরিক্ত মহাপরিচালক (এমএন্ডসিপি)
ও
আহবায়ক, বিভাগীয় নির্বাচন/পদোন্নতি কমিটি
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা